সড়কে প্রাণ হারালেন যুবক

গোপালগঞ্জের সদর উপজেলায় দাঁড়িয়ে থাকা ট্রাকের পেছনে প্রাইভেটকারের ধাক্কায় সেতু বিশ্বাস (৩২) নামে এক যুবক নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও চারজন।

সোমবার রাত সাড়ে ৮টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের সদর উপজেলার ডুমদিয়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

হতাহতরা সবাই প্রাইভেটকারের যাত্রী এবং গোপালগঞ্জ সদর উপজেলার বিভিন্ন এলাকার বাসিন্দা। আহতদের গোপালগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গোপালগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার নূর মোহাম্মদ জানান, গোপালগঞ্জ অভিমুখে আসার পথে একটি প্রাইভেটকার ঘটনাস্থলে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকের পেছনে ধাক্কা দেয়।

এতে প্রাইভেটকারচালকসহ পাঁচজন আহত হন। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা আহতদের গোপালগঞ্জ জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে সেতু বিশ্বাস মারা যান।

সুত্র-যুগান্তর

আ’লীগ নেতা এনামুল-রুপনের বাড়িতে মিলল ৫ সিন্দুকভর্তি টাকা

রাজধানীর পুরান ঢাকায় ক্যাসিনোবিরোধী অভিযান চালিয়েছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব- ৩)। এ সময় ক্যাসিনোকাণ্ডে গ্রেফতার গেণ্ডারিয়া থানা আওয়ামী লীগের সহসভাপতি এনামুল হক ও যুগ্ম সাধারণ

সম্পাদক রুপন ভূঁইয়ার বাড়ি থেকে পাঁচটি সিন্দুকভর্তি টাকা, স্বর্ণালঙ্কার, এফডিআর ও ক্যাসিনোসামগ্রী জব্দ করা হয়েছে।

সোমবার দিবাগত রাতে পুরান ঢাকার লালমোহন স্ট্রিটে র্যাবের নির্বাহী ম্যাজিস্ট্রেট সরোয়ার আলমের নেতৃত্বে এ ক্যাসিনোবিরোধী অভিযান চালানো হয়।

জানা যায়, রাত সাড়ে ১২টার দিকে পুরান ঢাকার ১১৯ লালমোহন সাহা স্ট্রিটে ক্যাসিনোকাণ্ডে জড়িত গেণ্ডারিয়া থানা আওয়ামী লীগের সহসভাপতি এনামুল হক ও যুগ্ম সাধারণ সম্পাদক রুপন ভূঁইয়ার বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় পাঁচ কোটি টাকার এফডিআর ও বিপুল পরিমাণ স্বর্ণালঙ্কার জব্দ করা হয়।

র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের সিনিয়র সহকারী পরিচালক এএসপি সুজয় সরকার জানান, ঘটনাস্থলে র্যাবের অভিযান এখনও চলছে। এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা হয়নি।

বেলা ১১টায় এ ঘটনার বিস্তারিত তথ্য সংবাদ সম্মেলন করে জানানো হবে বলে জানান র্যাবের সহকারী পরিচালক এএসপি সুজয় সরকার।

.

সূত্র – যুগান্তর

রিজভীসহ ৬৯ জনের বিরুদ্ধে হত্যাচেষ্টার মামলা

‘ককটেল বিস্ফোরণ’ ঘটিয়ে পুলিশ সদস্যদের ‘হত্যাচেষ্টার’ অভিযোগে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীসহ ৬৯ জনের বিরুদ্ধে মামলা হয়েছে।

মামলার এজাহারে নাম থাকা ৬৯ জনের উল্লেখযোগ্য কয়েকজন হলেন

বিএনপির ক্রীড়া সম্পাদক আমিনুল ইসলাম, ছাত্রদলের সিনিয়র সহসভাপতি রওনকুল ইসলাম, রূপনগর থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি কাউসার হামিদ, স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক ইয়াছিন আলী।

পল্লবী থানায় গত শনিবার পুলিশ বাদী হয়ে মামলাটি করেছে। তবে মামলার পর পুলিশ এখনও কাউকে গ্রেফতার করেনি।

পল্লবী থানার পরিদর্শক মোহাম্মদ এমরানুল ইসলাম মামলার সত্যতা নিশ্চিত করেছেন।

তিনি জানান, অনুমতি ছাড়া মিছিল নিয়ে পুলিশের কাজে বাধা ও হামলা করা এবং ককটেল বিস্ফোরণ ঘটানোর অভিযোগে বিএনপি নেতা রুহুল কবির রিজভীসহ ৬৯ জনের বিরুদ্ধে মামলা হয়েছে।

কারাবন্দি দলের চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে গত শনিবার রাজধানীর মিরপুরে মিছিল করে বিএনপি। রিজভীর নেতৃত্বে মহানগর বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা মিরপুর ৬ নম্বর কাঁচাবাজার থেকে মিছিল শুরু করেন।

মিছিলটি মিরপুর ১১ নম্বরের দিকে এগোলে পুলিশের বাধা আটকে দেয়। এ সময় পুলিশ লাঠিপেটা করে মিছিল ছত্রভঙ্গ করে দেয়।

ওই ঘটনায় রিজভী ছাড়াও বিএনপির কেন্দ্রীয় নেতা আমিনুল হক, ছাত্রদলের ওমর ফারুক কায়সার, সাইফুল ইসলাম তুহিনসহ অন্তত ১০ আহত হন বলে জানিয়েছিলেন দলটির নেতারা।

তবে ঢাকা মহানগর পুলিশের উপকমিশনার (মিরপুর বিভাগ) মোস্তাক আহমেদ বলেছিলেন, বিএনপি নেতাকর্মীরা পুলিশ দেখে ঘটনাস্থল ত্যাগ করায় তারা কোনো হামলা করেননি।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের হামলায় এএসআই কামাল হোসেন, কনস্টেবল ফয়জুর রহমান আহত হন।

ঘটনাস্থল থেকে পুলিশ বিস্ফোরিত ককটেলের অংশবিশেষ দুটি চ্যাপ্টা টিনের জর্দার খালি কৌটা, কিছু প্যাঁচানো কালো রঙের স্কচটেপ, কয়েকটি ছোট ছোট পাথরের টুকরা, গাড়ির ভাঙা গ্লাসের অংশবিশেষ, পাঁচটি ভাঙা ইট এবং খালেদা জিয়ার ছবিসহ অন্যান্য ছবিসংবলিত পাঁচটি ফেস্টুন জব্দ করা হয়েছে।

সুত্র-যুগান্তর

সিনিয়রকে ‘দোস্ত’ বলায় ইবিতে সংঘর্ষ

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) সিনিয়র এক ছাত্রকে ‘দোস্ত’ বলায় ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষ ঠেকাতে গিয়ে হিমেল চাকমা নামের এক ছাত্র আহত হয়েছেন। তাঁকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত শনিবার রাত সাড়ে ১১টার দিকে ক্যাম্পাসের শহীদ জিয়াউর রহমান হলের সামনে এ ঘটনা ঘটে।

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থীর ভাষ্য, গত শনিবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জেবিয়ারকে বন্ধু ভেবে ‘দোস্ত’ বলে সম্বোধন করে আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র কামাল হোসেন।

এ নিয়ে জেবিয়ারের কাছে কামাল দুঃখপ্রকাশ করেন। কিন্তু কামালকে শাসিয়ে পরে দেখা করতে বলেন জেবিয়ার। কামাল তাঁর বন্ধুদের নিয়ে জিয়াউর রহমান হলে জেবিয়ারের সঙ্গে দেখা করতে যান। সেখানে কথা- কাটাকাটির একপর্যায়ে জেবিয়ারকে মারধর করেন কামাল ও তাঁর বন্ধুরা।

ঘটনা জানতে পেরে ছাত্রলীগের কয়েকজন নেতা সেখানে গিয়ে সমাধান করার চেষ্টা করেন। রাত সাড়ে ১১টার দিকে জিয়া হলের ২০৮ নম্বর কক্ষে কামাল অবস্থান করছেন জানতে পেরে জেবিয়ার তাঁর পক্ষের লোকজন নিয়ে কামালের কাছে যান।

এ সময় কামাল কক্ষ থেকে বের হননি। তখন জেবিয়ারের পক্ষের লোকজন দরজায় লাথি ও ইট-পাটকেল মারতে থাকেন। পরে তাঁরা হল থেকে বের হয়ে মোড়ে অবস্থান নেন। জিয়া হলসহ অন্য হলে থেকে আসা কামালদের পক্ষের লোকজনের সঙ্গে জেবিয়ারদের সংঘর্ষ বাঁধে। এ সময় উভয় পক্ষের নেতা- কর্মীদের হাতে দেশীয় অস্ত্র দেখা যায়।

সংঘর্ষে হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ছাত্র হিমেল চাকমা নামের এক ছাত্রলীগ কর্মী গুরুতর আহত হন। তাঁকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার জের ধরে জিয়াউর রহমান হলের ছাত্রলীগ কর্মী ইমতিয়াজের কক্ষ (৪১৫) ভাঙচুর করা হয়।

হাসপাতালে চিকিৎসাধীন হিমেল চাকমা বলেন, সংঘর্ষ ঠেকাতে গেলে তাঁকে পরিকল্পিতভাবে একটি পক্ষ মারধর করে। তাঁর কপালে চারটি সেলাই পড়েছে। চোখেও দেখতে সমস্যা হচ্ছে।

রাতের ঘটনা সম্পর্কে প্রক্টর পরেশ চন্দ্র বর্মণের মোবাইল ফোনে বলেন, ‘জরুরি মিটিংয়ে ব্যস্ত আছি, পরে কথা বলব।’

ইসলামী বিশ্ববিদ্যালয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আরিফ বলেন, ‘আমি ভিসি স্যারের রুমে আছি, পরে কথা বলছি।’

মেপ্র/আরপি

কুঠিবাড়ি পরিদর্শন করলেন ঢাকা উত্তর সিটির মেয়র আতিকুল

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত কুমারখালীর শিলাইদহের কুঠিবাড়ি পরিদর্শন করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নব নির্বাচিত মেয়র মো: আতিকুল ইসলাম।

গতকাল শনিবার দুপুরের দিকে কুমরাখালীতে পৌছালে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান তাকে ফুলেল শূভেচ্ছা জানান।

এসময় মেরের সহধর্মীনি উপস্থিত ছিলেন।

পরে তিনি কুঠিবাড়ীর চারিপাশ ঘুরে ঘুরে দেখেন এবং বকুলতলায় রবীন্দ্র শিল্পী গোষ্ঠীর শিল্পীদের সমন্বয়ে পরিবেশিত রবীন্দ্র সঙ্গীত শোনেন।

মেপ্র/আরপি

এক নেতার এক নীতির কারণে দেশে উন্নয়নের জোয়ার সৃষ্টি হয়েছে: নাসিম

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও খাদ্য মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোহাম্মদ নাসিম বলেছেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে রাজনৈতিক স্থিতিশীলতা বিরাজ করছে বলেই দেশ জঙ্গিমুক্ত হয়েছে, আলোকিত বাংলাদেশ গড়ে উঠেছে। রাস্তা-ঘাট, অবকাঠামোসহ সামগ্রিক উন্নয়ন হয়েছে।

এক নেতার এক নীতির কারণে দেশের উন্নয়নের যে জোয়ার সৃষ্টি হয়েছে তা অব্যাহত রাখার জন্য তিনি জনপ্রতিনিধিসহ সরকারের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

সোমবার দুপুরে কাজিপুরে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের সঙ্গে এক মতবিনিময় সভায় মোহাম্মদ নাসিম এ সব কথা বলেন।

কাজিপুর উপজেলা পরিষদ হলরুমে তার নির্বাচনী এলাকার সমস্যা ও উন্নয়ন বিষয়ে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহিদ হাসান সিদ্দিকী।

অন্যান্যের মধ্যে উপস্থিত সিভিল সার্জন ডা. মো. জাহিদুল ইসলাম, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এবিএম হুমায়ুন কবীর, সড়ক

বিভাগের নির্বাহী প্রকৌশলী আশরাফুল আলম, পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক তারিকুল ইসলাম, পানি উন্নয়ন বিভাগের উপ-প্রকৌশলী একেএম রফিকুল ইসলাম, কাজিপুর পৌর মেয়র হাজী নিজাম উদ্দিনসহ বিভিন্ন ইউনিয়নের জনপ্রতিনিধিগণ। তারা নিজ নিজ দফতরের উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরেন।

সভার শুরুতেই মোহাম্মদ নাসিম সূচনা বক্তব্যে বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করার সুযোগ পেয়ে জাতি গর্বিত। মুজিব জন্মশতবাষির্কী অনেকের জীবনে আর কোনো দিন আসেনি, আর আসবেও না। মুজিব জন্মশতবার্ষিকীর ক্ষণগণনা শুরু হয়েছে। গোটা জাতি ১৭ মার্চ থেকে নানা আয়োজনের মধ্যে জন্মশতবার্ষিকীর কর্মসূচি পালনের প্রস্তুতি নিচ্ছে।

তিনি বলেন, গণতন্ত্রের অভিযাত্রায় অনেক চড়াই উৎড়াই পেরিয়ে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে একটি সরকার ১২ বছর দেশ পরিচালনা করে দেশকে উন্নয়নের রোল মডেলে দাঁড় করিয়েছে। এর অংশীদার সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধিরাও। দেশের উন্নয়নের যে জোয়ার সৃষ্টি হয়েছে তা অব্যাহত রাখার জন্য তিনি জনপ্রতিনিধিসহ সরকারের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

অনলাইন পোর্টালের কার্ডধারীরা সাংবাদিক নয় : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, দেশের গণমাধ্যম চ‚ড়ান্ত স্বাধীনতা ভোগ করছে। তবে এটি যাতে অপরের স্বাধীনতা খর্ব না করে এ ব্যাপারে সংশ্লিষ্টদের সতর্ক থাকতে হবে। অনলাইন পোর্টালের কার্ড নিয়ে যারা সাংবাদিক পরিচয় দেয়, তারা আসলে সাংবাদিক নয়। সব মিলিয়ে গণমাধ্যমে শৃঙ্খলা ফিরিয়ে আনতে সরকার পদক্ষেপ নিচ্ছে।

গতকাল বাংলাদেশ প্রেস কাউন্সিলের কার্যালয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

তথ্যমন্ত্রী বলেন, গত দশ বছরে দেশে গণমাধ্যম দ্রুত বিকশিত হয়েছে। এখন মিডিয়া বলতে শুধু খবরের কাগজকে বোঝায় না। এখন এতে খবরের কাগজ, টেলিভিশন, রেডিও এবং অনলাইন নিউজ পোর্টাল অন্তর্ভুক্ত হয়েছে। সংবাদপত্রের চিত্র গত দশ বছরে বদলে গেছে।

হাছান মাহমুদ বলেন, দেশে মিডিয়ার ব্যাপক বিকাশের কারণে এতে আরো অনেক নতুন চ্যালেঞ্জ যুক্ত হয়েছে। তিনি মনে করেন, যে কোনো মিডিয়ায় যে কোনো ধরনের ভুয়া নিউজ প্রচার হলে তা অনেক ক্ষেত্রেই সমাজের পাশাপাশি রাষ্ট্রের জন্যও ক্ষতিকর হয়ে ওঠে।

মন্ত্রী বলেন, অনেকে সামাজিক মাধ্যমকে গণমাধ্যম হিসেবে বিবেচনা করেন। তবে, এটি একটি অসম্পাদিত প্লাটফর্ম, গণমাধ্যম নয়। তিনি বলেন, অনলাইন পোর্টালের কার্ড নিয়ে যারা নিজেদেরকে সাংবাদিক হিসেবে পরিচয় দেয়, তারা আসলে সাংবাদিক নয়।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ মিডিয়ায় শৃঙ্খলা ফিরিয়ে আনতে এবং দেশে বস্তুনিষ্ঠ সাংবাদিকতা নিশ্চিত করার লক্ষ্যে একটি কর্ম পরিকল্পনা তৈরির জন্য বাংলাদেশ প্রেস কাউন্সিলের প্রতি আহবান জানান।

প্রেস কাউন্সিল সম্পর্কে তথ্যমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৪ পাস করেছেন এবং পরে দেশের মিডিয়ার বিকাশের জন্য বাংলাদেশ প্রেস কাউন্সিল গঠন করা হয়। দেশকে এগিয়ে নিতে বঙ্গবন্ধু তার শাসনকালে প্রেস কাউন্সিল অ্যাক্ট ১৯৭৪-এর মতো অনেক আইন পাস করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল উল্লেখ করে ড. হাছান বলেন, আমাদের মূল লক্ষ্য বহুত্ববাদী ও সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মো. মমতাজ উদ্দিন আহমেদ। এতে বক্তব্য দেন তথ্যসচিব কামরুন নাহার এবং দৈনিক অবজারভার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী।

সূত্র: ইনকিলাব

ঢাবি সিনেট: শোভন ‘আউট’, সাদ্দাম ইন

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সিনেটের সদস্য মনোনীত হলেন বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও ডাকসুর সহসাধারণ সম্পাদক (এজিএস) সাদ্দাম হোসেন।

বুধবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর আর্টিক্যাল ২০(১) (এম) অনুয়ায়ী তাকে সিনেট সদস্য পদে এই মনোনয়ন দেন।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এর আগে এ পদে ছিলেন ছাত্রলীগের সাবেক সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন। গত বছরের ১৬ সেপ্টেম্বর দুর্নীতি ও বাণিজ্যের অভিযোগে ছাত্রলীগের পদ থেকে অপসারণের পর তিনি সিনেট সদস্যের পদ থেকেও পদত্যাগ করেছিলেন। তাই ওই পদটি শূন্য থাকায় উপাচার্য সাদ্দাম হোসেনকে মনোনীত করেন।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ডাকসুতে সিনেট সদস্য পদ একটি শূন্য ছিল। ডাকসুর ভিপি-জিএস ও সদস্যদের সুপারিশ অনুযায়ী এজিএস সাদ্দাম হোসেনকে সিনেট সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-গান গেয়ে নিজে কাঁদলেন, দর্শকদেরও কাঁদালেন এন্ড্রু কিশোর

ট্রাইব্যুনাল থেকে ব্যারিস্টার সুমনের পদত্যাগ

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর পদ থেকে পদত্যাগ করেছেন ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। বৃহস্পতিবার সকালে চিফ প্রসিকিউটর বরাবর পদত্যাগপত্র জমা দেন তিনি। পরে গণমাধ্যমকে তিনি নিজেই বিষয়টি নিশ্চিত করেন।

পদত্যাগপত্রে ব্যারিস্টার সুমন লিখেছেন, ‘২০১২ সালের ১৩ নভেম্বর আমি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর হিসেবে যোগদান করি। যোগদানের পর থেকে বিভিন্ন মামলা অত্যন্ত নিষ্ঠার সাথে পরিচালনা করেছি।

ইদানিং বিভিন্ন সামাজিক স্বেচ্ছামূলক কাজে নিবিড়ভাবে জড়িত হয়ে যাওয়ার কারণে আন্তজার্তিক অপরাধ ট্রাইব্যুনালের মতো রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে সময় দিতে পারছি না।

এমতবস্থায় সরকারি কোষাগার থেকে বেতন নেওয়াকে আমি অনৈতিক বলে মনে

করি। এ কারণে আমি অব্যাহতি প্রার্থনা করছি।’

তার আবেদনটি রিসিভ করেন চিফ প্রসিকিউটর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. মাসুদ রানা। উল্লেখ্য, ব্যারিস্টার সুমন আইন পেশার পাশাপাশি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের জন্যও বেশ জনপ্রিয়। তিনি জনসচেতনতামূলক ভিডিও ও ফেসবুক লাইভ করে আলোচনায় আসেন।

সুত্র- বাংলাদেশ প্রতিদিন

আরো পড়ুন-বামন্দী বাজারের গিয়াস স্টিল কারখানা এখন ইভটিজারের আস্তানা

২৩ উপজেলায় শতভাগ বিদ্যুতায়নসহ ৫ প্রকল্পের উদ্বোধন

দেশের ২৩টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়নসহ পাঁচটি বড় প্রকল্পের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বুধবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এসব প্রকল্পের উদ্বোধন করেন তিনি।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে-রাজশাহীতে নির্মিত ‘শেখ কামাল আইটি ইনকিউবেটর অ্যান্ড ট্রেনিং সেন্টার’, বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, শতভাগ বিদ্যুতায়িত ৭টি জেলা, ১টি বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র এবং ১৮টি জেলার ২৩টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন।

প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে এসব প্রকল্পের উদ্বোধনের পর সংশ্লিষ্ট উপকারভোগীদের সঙ্গে কথা বলেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহীতে নির্মিত ‘শেখ কামাল আইটি ইনকিউবেটর অ্যান্ড ট্রেনিং সেন্টার’, এর ওপর একটি ভিডিওচিত্র পরিবেশন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বিভাগের সচিব এ এন এম জিয়াউল আলম।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন – ১০ হাজার টাকার নিচে ভিভো স্মার্টফোন ওয়াই৯১সি-২০২০